আপনার স্বপ্ন এখন বাস্তবায়িত হওয়ার সময়...

আসুন ! অসমের ইতিহাসে এক নতুন অধ্যায়ের সৃষ্টি করি...



অবশেষে অসমবাসীর এক বহু প্রতীক্ষিত স্বপ্ন বাস্তবায়িত হওয়ার পথে। অসমে বসবাস করা কেবল প্রকৃত ভারতীয় নাগরিকদের তথ্যাবলী সন্নিবিষ্ট করে রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী (এনআরসি) উন্নীতকরণ করা হবে। উন্নীতকৃত নাগরিক পঞ্জীতে কোন বিদেশী বা নাগরিকত্বহীন ব্যক্তির নাম সন্নিবিষ্ট থাকবে না।

রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী (এনআরসি) মানে কি ?

রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী (এনআরসি) হচ্ছে একটি পঞ্জী (Register) যেখানে দেশের সব নাগরিকের সবিশেষ তথ্য সন্নিবিষ্ট করে রাখা হয়। ১৯৫১ সনের জনগণনার কাজ শেষ হওয়ার পর সেই গণনায় অন্তর্ভূক্ত হওয়া সব ব্যক্তিদের সবিশেষ তথ্য সন্নিবিষ্ট করে অসমের প্রথম রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী প্রস্তুত করা হয়েছিল।

রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীর উন্নীতকরণ কিভাবে করা হবে ?

নাগরিক পঞ্জীর উন্নীতকরণ ১৯৫৫ সনের নাগরিকত্ব আইন এবং ২০০৩ সনের নাগরিকত্ব বিধির ব্যবস্থাগুলোর আধারে করা হবে। উপরোক্ত দুটো আইনের নির্দেশনা অনুযায়ী নাগরিকত্ব নিরূপনের বিষয়টি ১৯৫১ সনের রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী এবং ১৯৭১ সনের ২৪ মার্চের (মধ্যরাত্রি) পূর্বের ভোটার তালিকার ওপর ভিত্তি করে নিষ্পত্তি করা হবে। ১৯৫১ সনের রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী বা ১৯৭১ সনের ২৪ মার্চের (মধ্যরাত্রি) পূর্বের ভোটার তালিকা উপলব্ধ না হলে নিম্নে উল্লেখ করা ১৯৭১ সনের পূর্বের সময়ের নথির ওপর ভিত্তি করে নাগরিকত্ব অর্জনের বিষয়টি বিবেচিত হবে।

(১) ভূমিস্বত্বের/ রায়তীস্বত্বের নথি-পত্র, (২) নাগরিকত্বের প্রমাণপত্র, (৩) স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র (পি আর সি), (৪) শরণার্থী পঞ্জীয়ন প্রমাণপত্র, (৫) পারপত্র (পাসপোর্ট), (৬) ভারতীয় জীবন বীমা নিগমের বীমা পলিসি, (৭) সরকার দ্বারা প্রদত্ত অনুজ্ঞাপত্র/প্রমাণপত্র, (৮)সরকারী চাকরি/নিযুক্তির প্রমাণপত্র, (৯) বেংক/ ডাকঘরের হিসাবের নথিপত্র, (১০) জন্মের প্রমাণপত্র, (১১) বোর্ড / বিশ্ববিদ্যালয়ের শৈক্ষিক প্রমাণপত্র, (১২) আদালতের নথি/আদালতের প্রক্রিয়াজনিত নথি।

উপরোক্ত নথি-পত্রগুলো ছাড়াও (১) রেশন কার্ড এবং (২) বিবাহসূত্রে অন্য গ্রামে স্থানান্তরিত মহিলাদের ক্ষেত্রে গ্রামাঞ্চলের গ্রাম পঞ্চায়েতের সচিবের দ্বারা প্রদত্ত এবং স্থানীয় রাজস্ব চক্র আধিকারিকের দ্বারা প্রতি-স্বাক্ষরিত প্রমাণপত্রও সমর্থনসূচক নথি-পত্র (Supporting Document) রূপে গণ্য করা হবে।

রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী (এন আর সি) উন্নীতকরণের প্রক্রিয়াসূচী

- সরকার দ্বারা ১৯৫১ সনের রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী এবং ১৯৭১ সনের পূর্বের ভোটার তালিকা (যৌথভাবে লিগেসি ডাটা) গ্রাম, শহর, নাগরিক সেবা কেন্দ্র (এন এস কে) এবং ইন্টারনেটে (Internet) সর্বসাধারনের প্রদর্শনের জন্য প্রকাশ করবে যাতে নাগরিকগণ যোগসূত্রের (Linkage) সন্ধান করতে পারেন। (২০১৫ সনের ফেব্রুয়ারী মাসে এই লিগেসি ডাটা প্রকাশ করা হবে)।
- রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী উন্নীতকরণের জন্য সমগ্র রাজ্যে ২৫০০(দুই হাজার পাচশ) নাগরিক সেবা কেন্দ্র (এন এস কে) স্থাপন করা হচ্ছে।
- জনগণ থেকে আবেদনপত্রের জন্য সরকার দ্বারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে, যেগুলো সম্পূর্ণভাবে পূরণ করে নিকটতম নাগরিক সেবা কেন্দ্রে (এন এস কে) জমা করতে হবে।
- ২০১৫ সনের ফেব্রুয়ারী এবং মার্চ মাসে ঘরে ঘরে আবেদনপত্র বিতরণ করা হবে।
- আবেদনপত্র নাগরিক সেবা কেন্দ্রেও পাওয়া যাবে বা এন আর সি ওয়েবসাইট থেকে ডাউনলোডও করা যাবে।
- খালী (Blank) আবেদনপত্রের ফটোকপিও ব্যবহার করা যাবে।
- আবেদনপত্র 'অনলাইন' (Online)ও দাখিল করা যাবে।
- পরিবারের সব সদস্যের ফটো এবং আবশ্যকীয় নথিপত্র সম্বলিত সম্পূর্ণভাবে পূর্ণ করা আবেদনপত্র ২০১৫ সনের মার্চ এবং জুলাই মাসের মধ্যে নিকটতম নাগরিক সেবা কেন্দ্রে (এন এস কে) গ্রহণ করা হবে।
- ২০১৫ সনের জুলাই এবং সেপ্টেম্বর মাসে সরকারী আধিকারিক-কর্মচারীদের নিয়ে গঠিত পরীক্ষণকারীর দল দ্বারা আবেদনকারীর নাগরিকত্ব পরীক্ষার ব্যবস্থা করা হবে।
- ২০১৫ সনের অক্টোবর এবং নভেম্বর মাসের মধ্যে উন্নীতকৃত নাগরিক পঞ্জীর খসরা প্রকাশ করা হবে। **(Publication of Draft NRC)**
- ২০১৫ সনের অক্টোবর এবং নভেম্বর মাসের মধ্যে খসরা নাগরিক পঞ্জীর সন্দর্ভে নাগরিকদের দ্বারা দাখিল করা দাবী এবং আপত্তির প্রাপ্তি এবং নিষ্পত্তি করা হবে।
- ২০১৬ সনের জানুয়ারী মাসে চূড়ান্ত রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী প্রকাশ করা হবে।

ত্রুটিবিহীন রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী (এন আর সি)

রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী সম্পূর্ণভাবে বিদেশী বা অবৈধ অনুপ্রবেশকারীদের **নামমুক্ত** হওয়া নিশ্চিত করতে তথ্য প্রযুক্তির সর্বশেষ প্রয়োগের দ্বারা এক ত্রুটিবিহীন পদ্ধতি অবলম্বন করা হবে। রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীতে নাম অন্তর্ভূক্তির জন্য ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি) বা তার পূর্বে অসমে বাসস্থান থাকার প্রণিধানযোগ্য প্রামান্য নথি দাখিল করাটা অপরিহার্য্য হবে। সব মূল সাক্ষ্য-নথির ছায়াচিত্র (Scanned Copy) যে কোন সময়ে রাজ্যিক, জেলা এবং চক্র আদি বিভিন্ন পর্য্যায়ে উপায়ুক্ত, চক্র আধিকারীকের মত জ্যেষ্ঠ আধিকারীক দ্বারা পুনর পরীক্ষণ-নিরীক্ষণের সুবিধার্থে একটি কেন্দ্রীয় তথ্য ভাণ্ডারে মজুত করে রাখা হবে। ক্ষেত্র পর্য্যায়ে পরীক্ষণকারী কর্মকর্তা-কর্মচারীর কাজ-কর্মের ওপর সুদৃঢ় নিয়ন্ত্রণ রাখতে এ ব্যবস্থা জ্যেষ্ঠ পর্য্যায়ের আধিকারীকদের সাহায্য করবে। রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী উন্নীতকরণের উদ্দেশ্যে ব্যবহৃত অত্যাধুনিক সফট্ওয়ের (Sophisticated Software) পরিবারের বংশবৃক্ষ (Computerised Family Tree) সৃষ্টি করবে, যার দ্বারা, যোগসূত্র স্থাপনের দাবীর সন্দর্ভে নিশ্ছিদ্র নিরীক্ষণ ব্যবস্থা কার্য্যকরী করা সম্ভবপর হয়ে উঠবে। যোগসূত্র স্থাপনের দাবীর সন্দর্ভে সন্দেহের অবকাশ থাকলে সফট্ওয়ের স্বয়ংক্রিয়ভাবে পরীক্ষণকারী দলের জন্য সংকেত জারী করবে।

আপনার ভূমিকা ঃ

রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী উন্নীতকরণের জন্য অসমের জনগণের দীর্ঘ দিনের দাবীর প্রতি সম্মান প্রদর্শন করে দেশের ভিতরে অসমেই প্রথম রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী (এন আর সি) উন্নীতকরণের কাজ শুরু করা হয়েছে। যেহেতু রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী ভবিষ্যতের দিনগুলোয় নাগরিকত্বের প্রমাণের বিষয়ে এক অর্থবহ এবং গুরুত্বপূর্ণ দলিল হিসেবে গণ্য হবে, তাই অসমের সব জনগণের জন্য রাষ্ট্রীয় নাগরিক পঞ্জী উন্নীতকরণ প্রক্রিয়াতে সক্রিয় অংশগ্রহণ করা এবং নিজের নাম রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীতে (এন আর সি) অন্তর্ভূক্ত করাটা এক অপরিহার্য্য দায়িত্ব। আপনাদের আন্তরিক সহযোগিতায় নাগরিক পঞ্জী উন্নীতকরণের এই প্রক্রিয়া অসমের ইতিহাসের এক অধ্যায়রূপে বাস্তবায়িত হবে।

আপনার নাগরিকত্ব অর্জনের জন্য প্রয়োজনীয় নথি-পত্রসমূহ শীঘ্রেই সংগ্রহ করুন। আসুন, আমরা ঐক্যবদ্ধভাবে আমাদের এবং আমাদের ভবিষ্যৎ প্রজন্মের হিতার্থে নাগরিক পঞ্জী উন্নীতকরণের এই অভিযানকে এক চমকপ্রদ সাফল্যের কাহিনীতে রূপান্তরিত করি।

Exclusive/NRC/02-2015/02

বিশদভাবে জানতে এবং সহায়তার জন্য অনুগ্রহ করে নিম্নলিখিত বিনামূল্যের (টোল ফ্রী) ফোন নম্বরে ফোন করুন বা আমাদের ওয়েবসাইট দেখুন।

আমাদের টোল ফ্রী হেল্পলাইন নম্বর ১৫১০৭ (15107) | **আমাদের ওয়েবসাইট nrcassam.nic.in**

রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীয়নের রাজ্যিক সমন্বয়ক, অসমের (SCNR) দ্বারা জনহিতার্থে প্রচারিত।